জনকল্যাণে রাজস্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
স্ট্যাম্প প্রশাসন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.ird.portal.gov.bd**

পত্র সংখ্যা ০৮.০০.০০০০.০৪০.৩৪.০০৪.১৫ (অংশ-১). ৮৮ তারিখ ঃ ০১ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ / ১৬ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় ঃ স্ট্যাম্প জালিয়াতি রোধকল্পে পূর্বে মুদ্রিত স্ট্যাম্প বাতিল/অচল ঘোষণা এবং বিশেষ নিরাপত্তা সম্বলিত স্ট্যাম্প সরবরাহ নিশ্চিত করণ প্রসংগে।

সূত্র ঃ অত্র বিভাগের স্মারক নং ০৮.০০.০০০০.০৪০.০০৪.১৫.৬৭, তারিখ ১৪-০৭-২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৩১-০৮-২০১৫ তারিখ থেকে বিভিন্ন স্ট্যাম্প অচল/বাতিল ঘোষনার পরিপ্রেক্ষিতে ব্যাংক-সহ বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানসমূহে জেলা ট্রেজারি হতে সরবরাহকৃত অচল/বাতিল ঘোষিত কি পরিমান স্ট্যাম্পস রয়েছে তার তালিকা সংগ্রহ করে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

১৬/৯/২০১৫

( মোঃ আবদুছ সামাদ আল আজাদ )
উপ-সচিব
ফোন-৯৫৪০২৬৫

জেলা প্রশাসক (সকল)

জেলা প্রশাসক
.........................
.........................।

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার (সকল), ................................
৩। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
৫। জনাব মোঃ রায়হানুল ইসলাম ভূইয়া, অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক। স্মারকটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৬। অফিস কপি।

জনকল্যাণে রাজস্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
স্ট্যাম্প প্রশাসন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.ird.portal.gov.bd**

পত্র সংখ্যা ০৮.০০.০০০০.০৪০.৩৪.০০৪.১৫ (অংশ-১). ৮৯ তারিখ ঃ ০১ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ / ১৬ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় ঃ নিম্নমূল্যমানের স্ট্যাম্প বাতিল/অচল ঘোষণাকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ৩১-০৮-২০১৫ তারিখে অনুষ্ঠিত সভায় ডাক অধিদপ্তরের প্রতিনিধি জানান বিগত কয়েক বছর যাবত কোন ট্রেজারি হতে নিম্ন মূল্যমানের (এক টাকার নীচের মূল্যমানের) বিশেষ আঠালো স্ট্যাম্প এর চাহিদা প্রেরণ করা হচ্ছেনা জানিয়ে উক্ত নিম্ন মূল্যমানের (এক টাকার নীচের মূল্যমানের) স্ট্যাম্প বাতিল করার বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। ডাক বিভাগের প্রদত্ত পর্যবেক্ষণ ও মতামতের প্রেক্ষিতে সভায় ব্যবহারকারী/ভোক্তা পর্যায়ে এখনও এ ধরনের স্ট্যাম্পের চাহিদা/ব্যবহার রয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। এমতাবস্থায়, নিম্ন মূল্যমানের (এক টাকার নীচের মূল্যমানের) স্ট্যাম্পের চাহিদা/প্রয়োজনীয়তা বিষয়ে সকল জেলা প্রশাসকের কার্যালয় হতে তথ্য সংগ্রহ করে একটি স্বয়ংসম্পুর্ণ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

১৬/৯/2015

( মোঃ আবদুছ সামাদ আল আজাদ )
উপ-সচিব
ফোন-৯৫৪০২৬৫

মহাপরিচালক
বাংলাদেশ ডাক অধিদপ্তর
জি,পি,ও, ঢাকা।

**অনুলিপি ঃ**

১। জেলা প্রশাসক (সকল)।
২। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
৩। জনাব মোঃ রায়হানুল ইসলাম ভূইয়া, অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক। স্মারকটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৪। অফিস কপি।

অতি জরুরী
ফ্যাক্স বার্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অধিশাখা-স্ট্যাম্প প্রশাসন
অর্থ মন্ত্রণালয়, ঢাকা
www.ird.portal.gov.bd

নম্বর-০৮.০০.০০০০.০৪০.০০৪.১৫. ৫৭

তারিখ ঃ ৩০ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ / ১৪ জুলাই ২০১৫ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ স্ট্যাম্প জালিয়াতি রোধকল্পে পূর্বে মুদ্রিত স্ট্যাম্প বাতিল/অচল ঘোষণা এবং বিশেষ নিরাপত্তা সম্বলিত স্ট্যাম্প সরবরাহ নিশ্চিত করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্ট্যাম্প জালিয়াতি রোধ করে সরকারের রাজস্ব আদায় নিশ্চিত করার স্বার্থে Coated Gummed paper with UV Fibres কাগজে GOB লেখা সম্বলিত এ্যাডহেসিভ, কোর্ট ফি, বিমা স্ট্যাম্প, যানবাহন জরিমানা স্ট্যাম্প, বিশেষ আঠালো স্ট্যাম্প এবং বৈদেশিক (ফরেন বিল) স্ট্যাম্প মুদ্রণপূর্বক তা সকল জেলা ট্রেজারিতে সরবরাহ করা হচ্ছে। সেক্ষেত্রে পূর্বে মুদ্রিত নিরাপত্তাবিহীন স্ট্যাম্প বাতিল/অচল ঘোষনার ক্ষেত্রে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে।

(ক) দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর ও ডাক বিভাগের গোডাউনে রক্ষিত পূর্বে মুদ্রিত নিরাপত্তা বিহীন বিশেষ আঠালো স্ট্যাম্প, শেয়ার হস্তান্তর স্ট্যাম্প, বীমা স্ট্যাম্প, বীমা ফি স্ট্যাম্প, বৈদেশিক বিল স্ট্যাম্প, বাংলাদেশ কোর্ট ফি স্ট্যাম্প, যানবাহন জরিমানা স্ট্যাম্প এখন থেকে ডাকা বিভাগ কর্তৃক সরবরাহ বন্ধ থাকবে;

(খ) দেশের সকল ট্রেজারিতে রক্ষিত পূর্বে মুদ্রিত নিরাপত্তা বিহীন উক্ত স্ট্যাম্পসমূহ আগামী ১৫-০৭-২০১৫ তারিখ থেকে ট্রেজারি হতে সরবরাহ বন্ধ থাকবে;

(গ) আগামী ৩১-০৮-২০১৫ তারিখ থেকে উক্ত স্ট্যাম্পসমূহ অচল ঘোষণা করা হবে এবং উক্ত তারিখ থেকে পূর্বে মুদ্রিত স্ট্যাম্পসমূহ অকার্যকর মর্মে গণ্য হবে;

(ঘ) স্ব স্ব সংস্থা/জেলা প্রশাসন/বিভাগ/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে গঠিত কমিটির মাধ্যমে পূর্বে মুদ্রিত স্ট্যাম্পসমূহ বিনষ্টকরণ কার্যক্রম গ্রহণ করবে;

২। বর্ণিতাবস্থায়, আপনার অধীনস্থ সকল জেলা/সংস্থা/দপ্তরসমূহকে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এ বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১৪/৭/২০১৫

(মোঃ আবদুছ সামাদ আল আজাদ)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪০২৬৫

১। বিভাগীয় কমিশনার (সকল)........
২। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা-১০০০।
৩। ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর।

অনুলিপি ঃ অবগতি ও কার্যার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৩। মহাপরিদর্শক, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।
৪। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ,ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
স্ট্যাম্প প্রশাসন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.ird.portal.gov.bd**

পত্র সংখ্যা ০৮.০০.০০০০.০৪০.৩৪.০০৪.১৫ (অংশ-১). ৮৭ তারিখ ঃ ০১ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ / ১৫ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় ঃ স্ট্যাম্প জালিয়াতি রোধকল্পে পূর্বে মুদ্রিত স্ট্যাম্প বাতিল/অচল ঘোষণা এবং বিশেষ নিরাপত্তা সম্বলিত স্ট্যাম্প সরবরাহ নিশ্চিত করণ প্রসংগে।

সূত্র ঃ অত্র বিভাগের স্মারক নং ০৮.০০.০০০০.০৪০.০০৪.১৫.৬৭, তারিখ ১৪-০৭-২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত স্মারকের অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত বিষয়াদি স্পষ্টীকরণ করা হলোঃ

(ক) গত ১৪-০৭-২০১৫ তারিখে জারীকৃত স্মারকের ১ম অনুচ্ছেদ এর এ্যাডহেসিভ এর পরে 'কমা' বিলুপ্ত হবে এবং ১(ক) অনুচ্ছেদ এর ৩য় লাইনে **'বাংলাদেশ কোর্ট ফি স্ট্যাম্প'** এর স্থলে **'এ্যাডহেসিভ কোর্ট ফি'** প্রতিস্থাপিত হবে;

(খ) সরবরাহকৃত নিরাপত্তা বৈশিষ্ট সম্বলিত স্ট্যাম্প সমূহ পরীক্ষার জন্য UV লাইট ব্যবহার করে নিশ্চিত হতে হবে।

(গ) দেশের সকল জেলা ট্রেজারিতে নিম্নবর্ণিত Coated Gummed paper with UV Fibres যুক্ত কাগজে UV কালিতে GOB মুদ্রিত নিম্নবর্ণিত স্ট্যাম্পসমূহ যথারীতি সরবরাহ থাকবেঃ

'এ্যাডহেসিভ কোর্ট ফি, (২) বীমা স্ট্যাম্পস, (৩) বীমা ফি, (৪) যানবাহন জরিমানা, (৫) বিশেষ আঠালো স্ট্যাম্পস, (৬) বৈদেশিক (ফরেন বিল) স্ট্যাম্প ও (৭) নোটারিয়াল স্ট্যাম্পস'

(ঘ) দেশের সকল জেলা ট্রেজারিতে রক্ষিত Coated Gummed paper with UV Fibres যুক্ত কাগজে UV কালিতে GOB মুদ্রিত নয় উপানুচ্ছেদ- (গ) এ বর্ণিত এমন স্ট্যাম্পসমূহ পূর্ব নির্দেশনা অনুযায়ী সরবরাহ/ব্যবহার বন্ধ থাকবে।

১৫/৯/২০১৫
( মোঃ আবদুছ সামাদ আল আজাদ )
উপ-সচিব
ফোন-৯৫৪০২৬৫

জেলা প্রশাসক (সকল)
..........................
.........................।

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার (সকল), ................................
৩। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
৫। জনাব মোঃ রায়হানুল ইসলাম ভূইয়া, অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক। স্মারটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৬। অফিস কপি।